অধ্যক্ষের কার্যালয়
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী
www.ngdc.ac.bd
e-mail: ngdcrajbd@yahoo.com
ফোন: +৮৮০২৫৮৮৮৫০৬৩০

স্মারক নং- ৩৪

তারিখ : ২৭ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ
১১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নিয়মাবলি

- ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির সকল কার্যক্রম অনলাইনে (www.ngdc.ac.bd) সম্পন্ন করতে হবে।

১২/০৭/২০২৪ খ্রি. তারিখে ৩য় পর্যায়ের ফল প্রকাশ এবং ১৩/০৭/২০২৪ খ্রি. থেকে ১৪/০৭/২০২৪ খ্রি. তারিখে নিশ্চায়নের পর চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম ১৫/০৭/২০২৪ খ্রি. থেকে ২৫/০৭/২০২৪ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা কলেজ ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে দেওয়া থাকবে।

- নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া কলেজ ওয়েবসাইট (www.ngdc.ac.bd) -এ HSC admission মেন্যুতে প্রবেশ করে ১৫/০৭/২০২৪ খ্রি. তারিখ সকাল ৯:০০ টা থেকে ২৫/০৭/২০২৪ খ্রি. তারিখ বিকাল ৪:০০ টার মধ্যে Online এ সম্পন্ন করতে হবে।
- মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের সন্তান কোটা ও শিক্ষা কোটায় ভর্তির সুযোগ প্রাপ্তদের সংযুক্ত নোটিশ-১ অনুযায়ী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- মুক্তিযোদ্ধা কোটা ও শিক্ষা কোটার ক্ষেত্রে উল্লিখিত কাগজপত্র কলেজের কোটা পর্যবেক্ষণ কমিটির মাধ্যমে যাচাই সাপেক্ষে পাসওয়ার্ড সংগ্রহ করে কলেজ ওয়েবসাইট এর মাধ্যমে ভর্তি হতে হবে।

(ক) ভর্তিচ্ছু শিক্ষার্থীদের করণীয়:

শিক্ষার্থীকে নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী এর নির্ধারিত ওয়েবসাইট: (www.ngdc.ac.bd) গিয়ে Admission এ প্রবেশ করে HSC Admission Link এ ক্লিক করলে একটি রোল চাইবে, এক্ষেত্রে SSC রোল প্রদান করলে একটি তথ্য ফরম আসবে, তা যথাযথভাবে পূরণ করে Submit করলে একটি Ref. ID ও Password পাওয়া যাবে। এরপর Login Button এ ক্লিক করে Ref. ID ও Password দিয়ে Login করলে Payment Information পাওয়া যাবে। এই Payment Information এ উল্লিখিত টাকা Online Mobile Banking (Dutch Bangla Rocket) Biller ID-244 এর মাধ্যমে প্রদান করতে হবে। এরপর Login Page টি Refresh করে Confirmation slip ও Admission Form Download করে প্রিন্ট করতে হবে।

উল্লেখ্য, সংযুক্ত নোটিশ-২ অনুযায়ী আবেদন ফরমে সঠিকভাবে বিষয় নির্বাচন করতে হবে। বিষয়/বিষয়গুচ্ছ ভুল নির্বাচনের কারণে রেজিস্ট্রেশন সংক্রান্ত জটিলতা হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

সাবধানতা: কলেজ ওয়েবসাইটে (www.ngdc.ac.bd) ভর্তির ফরম পূরণের পরেই উপরিউক্ত নির্দেশনা অনুসারে নির্ধারিত অর্থ পরিশোধ করতে হবে। কোনো অবস্থাতেই কলেজের ওয়েবসাইটে ভর্তি ফরম পূরণের পূর্বে কোনো অর্থ প্রদান করা যাবে না। ভুলবশত অর্থ পরিশোধের কারণে জটিলতা হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(খ) ভর্তির জন্য নির্ধারিত টাকার পরিমাণ:

| শাখা/গ্রুপ | কলেজ ভর্তি ফি | অনলাইন সার্ভিস প্রোভাইডার চার্জ | মোট টাকার পরিমাণ |
|---|---|---|---|
| বিজ্ঞান | ২৭৭০/- | ৭৫/- | ২৮৪৫/- |
| মানবিক | ২৬৭০/- | ৭৫/- | ২৭৪৫/- |
| ব্যবসায় শিক্ষা | ২৬৭০/- | ৭৫/- | ২৭৪৫/- |

DBBL Help line- 16216 (তথ্য পাওয়ার প্রয়োজনে)

(গ) মুক্তিযোদ্ধা কোটা ও শিক্ষা কোটার জন্য সংযুক্ত নোটিশ-১ অনুসারে কাগজপত্র এবং মেধায় ভর্তির ক্ষেত্রে ক্লাস শুরুর পর নিম্নোক্ত কাগজপত্র জমা দিতে হবে

- ডাউনলোডকৃত ভর্তি ফরম (Admission Form) ও টাকা জমাদানের রসিদ (Payment Confirmation Slip) এর প্রিন্ট কপি
- মূল নম্বরপত্র/মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট (লেমিনেটিং ছাড়া)
- মূল নম্বরপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্র প্রতিটির ২টি করে ফটোকপি [প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি নিজের কাছে রাখতে হবে]
- Online জন্ম নিবন্ধন সনদের ১টি ফটোকপি এবং শিক্ষার্থীদের পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্রের ১টি করে ফটোকপি
- ক্লাস চলাকালে কলেজ ইউনিফরম পরিহিত ২টি পাসপোর্ট ও ২টি স্ট্যাম্প সাইজের ছবি দিতে হবে।

বি.দ্র: শিক্ষার্থীদের কলেজ কর্তৃপক্ষ নিশ্চায়ন না করলে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে না। যদি কোনো প্রার্থী অসত্য তথ্য প্রদান করে বা তথ্য গোপন করে মিথ্যা তথ্যের মাধ্যমে ভর্তি হয় এবং পরবর্তীতে যাচাই বাছাইয়ের মাধ্যমে তা পরিলক্ষিত হলে সেই প্রার্থীর ভর্তি বাতিল করা হবে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**তথ্যের জন্য যোগাযোগ (অফিস সময়ে)**

১. মোঃ আতাউর রহমান, সহযোগী অধ্যাপক, ইংরেজি (০১৭১২২৯০৫৮৯)
২. মোঃ মশিউর রহমান, সহকারী অধ্যাপক, পদার্থবিজ্ঞান (০১৭১৬৪৮২৮৯০)
৩. মুনমুন আহম্মদ, সহকারী অধ্যাপক, অর্থনীতি (০১৭১০০৬১৩৭৮)

১১.৭.২৪
আহ্বায়ক
উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি ২০২৪-২৫
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী

১১.০৭.২০২৪
প্রফেসর কালাচাঁদ শীল- ৭৭০৩
অধ্যক্ষ
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী

CamScanner

অধ্যক্ষের কার্যালয়
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী
www.ngdc.ac.bd
e-mail: ngdcrajbd@yahoo.com
ফোন: +৮৮০২৫৮৮৮৫০৬৩০

তারিখ : ২৭ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ
১১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ

# সংযুক্ত নোটিশ-১

## (শুধুমাত্র মুক্তিযোদ্ধা কোটা ও শিক্ষা কোটার জন্য)

নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহীর ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) মুক্তিযোদ্ধা কোটা ও শিক্ষা কোটায় মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে সরকারি নির্দেশনা অনুযায়ী নিম্নবর্ণিত তারিখে কলেজের অডিটোরিয়ামে উপস্থিত হওয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

| তারিখ | সময় |
|---|---|
| ২১/০৭/২০২৪ থেকে ২৪/০৭/২০২৪ | সকাল ১০.০০ মিনিট - দুপুর ১২:০০ মিনিট |

**মুক্তিযোদ্ধা কোটা ও শিক্ষা কোটায় ভর্তির ক্ষেত্রে কোটা যাচাইয়ের জন্য প্রয়োজনীয় কাগজপত্র:**

- ভর্তির (Admission Form) ও নিশ্চায়নের টাকা জমাদানের রসিদ (Payment Confirmation Slip) এর প্রিন্ট কপি
- মূল নম্বরপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট
- নম্বরপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্র প্রতিটির ২টি করে ফটোকপি
- Online জন্ম নিবন্ধন সনদের ১টি ফটোকপি
- শিক্ষার্থীদের পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ১টি করে ফটোকপি
- **মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির ক্ষেত্রে:**
  - (ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের মূলকপি ও ফটোকপি;
  - (খ) মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক নির্ণয়ের জন্য মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিলের ও স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;
  - (গ) মুক্তিযোদ্ধা নানা হলে শিক্ষার্থীর মাতার জাতীয় পরিচয়পত্রের মূলকপি ও ফটোকপি এবং মাতার এসএসসির সনদের মূলকপি ও ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা অনলাইন জন্ম নিবন্ধনের মূলকপি ও ফটোকপি;
  - (ঘ) মুক্তিযোদ্ধা দাদা হলে শিক্ষার্থীর পিতার জাতীয় পরিচয়পত্রের মূলকপি ও ফটোকপি
  - (ঙ) পিতার এসএসসির সনদের মূলকপি ও ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা অনলাইন জন্ম নিবন্ধনের মূলকপি ও ফটোকপি এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার বিস্তারিত তথ্য যেখানে স্বামী/স্ত্রীর নামসহ পোষ্যদের নাম অন্তর্ভুক্ত রয়েছে তার মূলকপি ও ফটোকপি।
- **শিক্ষা মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের শিক্ষা কোটায় ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক দপ্তর প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।**

**[বি. দ্র. মুক্তিযোদ্ধা কোটা ও শিক্ষা কোটার ক্ষেত্রে উল্লিখিত কাগজপত্র কোটা পর্যবেক্ষণ কমিটির মাধ্যমে যাচাই সাপেক্ষে পাসওয়ার্ড সংগ্রহ করে কলেজ ওয়েবসাইট এর মাধ্যমে ভর্তি হতে হবে।]**

১১.৭.২৪

প্রফেসর কালাচাঁদ শীল- ৭৭০৩
অধ্যক্ষ
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী

আহ্বায়ক
উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি ২০২৪-২৫
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী

CamScanner

অধ্যক্ষের কার্যালয়
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী
www.ngdc.ac.bd
e-mail: ngdcrajbd@yahoo.com
ফোন: +৮৮০২৫৮৮৮৫০৬৩০

তারিখ : ২৭ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ
১১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ

# সংযুক্ত নোটিশ-২

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির বিষয় নির্বাচনের নিয়মাবলি
**(নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী- এর জন্য প্রযোজ্য)**

**সকল শাখার জন্য প্রযোজ্য আবশ্যিক বিষয়সমূহঃ**
১। বাংলা (১০১, ১০২) - ২০০ নম্বর
২। ইংরেজি (১০৭, ১০৮) - ২০০ নম্বর
৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫) - ১০০ নম্বর

**বিজ্ঞান শাখা**

| ক-গুচ্ছ | খ-গুচ্ছ |
|---|---|
| **আবশ্যিক বিষয় - (৩টি) : ৬০০ নম্বর** | **৪র্থ বিষয় (১টি) : ২০০ নম্বর** |
| ১। পদার্থবিজ্ঞান (১৭৪, ১৭৫) | ১। উচ্চতর গণিত (২৬৫, ২৬৬) |
| ২। রসায়ন (১৭৬, ১৭৭) | ২। জীববিজ্ঞান (১৭৮, ১৭৯) |
| ৩। উচ্চতর গণিত/জীববিজ্ঞান (২৬৫, ২৬৬) / (১৭৮ - ১৭৯) | ৩। পরিসংখ্যান (১২৯, ১৩০) |
| | ৪। ভূগোল (১২৫, ১২৬) |

**মানবিক শাখা**

| ক-গুচ্ছ | খ-গুচ্ছ |
|---|---|
| **নৈর্বাচনিক বিষয়-(যে কোন ৩টি) : ৬০০ নম্বর** | **৪র্থ বিষয় (১টি) : ২০০ নম্বর** |
| ১। ইতিহাস/ইসলামের ইতিহাস (৩০৪, ৩০৫)/(২৬৭, ২৬৮) | ১। যুক্তিবিদ্যা (১২১, ১২২) |
| ২। পৌরনীতি ও সুশাসন (২৬৯, ২৭০) | ২। ভূগোল (১২৫, ১২৬) |
| ৩। অর্থনীতি (১০৯, ১১০) | ৩। ইতিহাস (৩০৪, ৩০৫) |
| ৪। ভূগোল (১২৫, ১২৬) | ৪। ইসলামের ইতিহাস (২৬৭, ২৬৮) |
| ৫। যুক্তিবিদ্যা (১২১, ১২২) | ৫। ইসলাম শিক্ষা (২৪৯, ২৫০) |
| | ৬। অর্থনীতি (১০৯, ১১০) |
| | ৭। পরিসংখ্যান (১২৯, ১৩০) |
| | ৮। পৌরনীতি ও সুশাসন (২৬৯, ২৭০) |

**ব্যবসায় শিক্ষা শাখা**

| ক-গুচ্ছ | খ-গুচ্ছ |
|---|---|
| **আবশ্যিক বিষয় - (৩টি) : ৬০০ নম্বর** | **৪র্থ বিষয় (১টি) : ২০০ নম্বর** |
| ১। হিসাববিজ্ঞান (২৫৩, ২৫৪) | ১। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (২৯২, ২৯৩) |
| ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (২৭৭, ২৭৮) | ২। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (২৮৬, ২৮৭) |
| ৩। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা/উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (২৯২, ২৯৩)/ (২৮৬, ২৮৭) | ৩। পরিসংখ্যান (১২৯, ১৩০) |
| | ৪। অর্থনীতি (১০৯, ১১০) |
| | ৫। ভূগোল (১২৫, ১২৬) |

**বি.দ্র.:** বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় একই বিষয় "ক গুচ্ছ" এবং "খ গুচ্ছ" হতে বাছাই করা যাবে না। অর্থাৎ একটি বিষয় শুধুমাত্র একটি গুচ্ছ হতে বাছাই করা যাবে।

****সর্তকতা****
মানবিক শাখায় "ক গুচ্ছ" থেকে ইতিহাস/ইসলামের ইতিহাস বাছাই করলে, "খ গুচ্ছ" থেকে ইতিহাস/ইসলামের ইতিহাস বিষয়ের কোনোটিই বাছাই করা যাবে না। অর্থাৎ "ক গুচ্ছ" থেকে ইতিহাস বাছাই করলেও "খ গুচ্ছ" থেকে ইসলামের ইতিহাস বাছাই করা যাবে না। একইভাবে, "ক গুচ্ছ" থেকে ইসলামের ইতিহাস বাছাই করলেও "খ গুচ্ছ" থেকে ইতিহাস বাছাই করা যাবে না।

১১.৭.২৪

প্রফেসর কালাচাঁদ শীল- ৭৭০৩
অধ্যক্ষ
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী

আহ্বায়ক
উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি ২০২৪-২৫
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী

CamScanner